



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
চট্টগ্রাম কলেজ, চট্টগ্রাম



ওয়েবসাইট: ctgcollege.gov.bd ইমেইল: ctgcollege@yahoo.com

তারিখঃ ১৪.০১.২০২৪ খ্রিঃ

২০২১-২০২২ শিক্ষাবর্ষে মাস্টার্স শেষবর্ষে নিয়মিত এম.এ/এম.এস.এস/এম.এস.সি কোর্সে কোটায় ভর্তির জন্য
মেধা তালিকায় স্থান প্রাপ্ত শিক্ষার্থীদের স্বাক্ষাৎকার সংক্রান্ত বিজ্ঞপ্তি।

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ১১.০১.২০২৪ খ্রি.এর বিজ্ঞপ্তি অনুযায়ী ২০২১-২০২২ শিক্ষাবর্ষে মাস্টার্স শেষ পর্বে (নিয়মিত) কোটায় ভর্তির জন্য নির্বাচিত ছাত্র-ছাত্রীদের জানানো যাচ্ছে যে, আগামী ১৭.০১.২০২৪ খ্রি. তারিখ বেলা ১১.৩০টা থেকে দুপুর ১.৩০টার মধ্যে প্রয়োজনীয় কাগজপত্রসহ অত্র কলেজে ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের ৫০১ নং কক্ষে সংশ্লিষ্ট কমিটির আহবায়ক এর নিকট স্বাক্ষাৎকার প্রদানের জন্য নির্দেশ দেয়া গেল।

স্বাক্ষাৎকারে অংশগ্রহণ ব্যতীত কোনভাবেই ভর্তি কার্যক্রম সম্পন্ন করা যাবে না। স্বাক্ষাৎকারে অংশগ্রহণের জন্য শিক্ষার্থীদের অবশ্যই নিম্নলিখিত কাগজপত্রসহ যথাসময়ে উপস্থিতি নিশ্চিত করতে হবে:

- জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রাথমিক আবেদন ফরম;
- এম.এস.সি, এইচ.এস.সি, অনার্স/মাস্টার্স ১ম পর্ব পরীক্ষা পাশের রেজিস্ট্রেশন কার্ড ও নম্বর ফর্দ/সনদের মূলকপি ও ০১ সেট ফটোকপি;
- মুক্তিযোদ্ধা কোটায় ভর্তির ক্ষেত্রে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী ও সচিব মহোদয়ের কর্তৃক স্বাক্ষরিত অথবা ১৯৯৭ থেকে ২০০১ সাল পর্যন্ত মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক স্বাক্ষরিত মূলসনদপত্র ও ০১ সেট ফটোকপি;
- আদিবাসী/দৃষ্টি প্রতিবন্ধীদের ক্ষেত্রে জেলা প্রশাসক/ উপজেলা নির্বাহী কর্মকর্তা/উপজেলা সমাজসেবা অফিসার কর্তৃক ইস্যুকৃত মূলসনদপত্র ও ০১ সেট ফটোকপি;
- জাতীয় বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের সন্তান ও সন্তানাদি পোষ্য কোটায় ভর্তির ক্ষেত্রে পোষ্য হিসেবে প্রমানপত্র এবং জাতীয় বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার দপ্তর হতে পোষ্য হিসেবে মূল প্রত্যয়নপত্র ও ০১ সেট ফটোকপি;

স্বাঃ/-

(প্রফেসর মোহাম্মদ মোজাহেদুল ইসলাম চৌধুরী)

আইডি নম্বর : ০০০০৮৫২৮

অধ্যক্ষ

চট্টগ্রাম কলেজ, চট্টগ্রাম

অনুলিপি:

- ১। উপাধ্যক্ষ, চট্টগ্রাম কলেজ, চট্টগ্রাম।
- ২। সকল বিভাগীয় প্রধান, চট্টগ্রাম কলেজ,
- ৩। আহবায়ক, মাস্টার্স শেষ পর্ব ভর্তি কমিটি নিয়মিত (২০২১-২০২২), চট্টগ্রাম কলেজ, চট্টগ্রাম
- ৪। ক্যাশিয়ার, চট্টগ্রাম কলেজ, চট্টগ্রাম

(প্রফেসর মোহাম্মদ মোজাহেদুল ইসলাম চৌধুরী)

আইডি নম্বর : ০০০০৮৫২৮

অধ্যক্ষ

চট্টগ্রাম কলেজ, চট্টগ্রাম

১৫.০১.২০২৪